# বিশেষ অনুশীলন-১

একাদশ শ্রেণি — বিষয় কোড- ২৭৭

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (অধ্যায়-১,৪,৬)

মোট সময়: ১ ঘন্টা ১৫ মিনিট — পূর্ণমান: ৫০

**(বি:দ্র: সৃজনশীল ও বহুনির্বাচনি অংশের সকল প্রশ্নের উত্তর দিতে হবে)**

**বহুনির্বাচনি অংশ (সময়: ৩০ মিনিট এবং পূর্ণমান ৩০)**

১। অংশীদারি ব্যবসায়ের স্থায়িত্বের ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করে-
(ক) অংশীদারদের পাস্পরিক আস্থা ও বিশ্বাস (খ) লিখিত চুক্তিপত্র (গ) নিবন্ধিত চুক্তিপত্র (ঘ) আদালত

২। টাংগাইলের তাঁতীরা একটি সমবায় সমিতি গঠন করে। সমিতির উপবিধিতে বলা আছে- সমিতি তার সদস্যদের স্বার্থে উপকরণাদি ক্রয়, উৎপন্ন সামগ্রী বিক্রয় এবং ঋণ সুবিধার ব্যবস্থা করবে। প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সমিতি?
(ক) সমন্বিত সমবায় সমিতি (খ) বহুমুখী সমবায় সমিতি (গ) বিক্রয় সমবায় সমিতি (ঘ) ক্রয় সমবায় সমিতি

৩। বাণিজ্য সৃষ্টি করে-
i. রূপগত উপযোগ ii. কালগত উপযোগ iii. ঝুঁকিগত উপযোগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪। ভোক্তা সমবায় সমিতি কোন ধরনের প্রতিষ্ঠান?
(ক) পাইকারি ব্যবসায় (খ) খুচরা ব্যবসায় (গ) উৎপাদনকারি ব্যবসায় (ঘ) একমালিকানা ব্যবসায়

৫। যাত্রাবাড়ি ফ্লাইওভার কোন ধরনের শিল্প অন্তর্ভূত?
(ক) নির্মাণ (খ) গঠন (গ) যৌগিক (ঘ) সংযোজন

নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও

২০১৮ সালে শিপন, সাজ্জাদ ও সজল চুক্তিবদ্ধ হয়ে পাঁচ বছরের জন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটি উত্তরোত্তর সাফল্য লাভ করলেও সাম্প্রতিক বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রতিষ্ঠানটির ভবিষ্যত নিয়ে তারা শংকিত।

৬। উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারি ব্যবসায়?
(ক) সীমাবদ্ধ (খ) ঐচ্ছিক (গ) নির্দিষ্ট (ঘ) অনির্দিষ্ট

৭। উদ্দীপকের প্রতিষ্ঠানটি উল্লিখিত সময়ের পর বিলোপসাধনের উপযুক্ত উপায় কী?
(ক) সকলে একমত হয়ে (খ) বিশেষ ঘটনার প্রেক্ষিতে (গ) বাধ্যতামূলকভাবে (ঘ) আদালতের আদেশ অনুসারে

৮। ব্যবসায়ের কোন শাখার কাজে মুনাফা অর্জন বিলম্ব ঘটে?
(ক) শিল্প (খ) বাণিজ্য (গ) বিক্রয় (ঘ) প্রত্যক্ষ সেবা

৯। প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা ন্যূনতম কয়জন?
(ক) ১০ (খ) ১৫ (গ) ২০ (ঘ) ২৫

১০। একজন অংশীদার ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে না কিন্তু সক্রিয়ভাবে ব্যবসায়ের কাজে অংশগ্রহণ করে। এ ধরনের অংশীদারকে কী বলে?
(ক) কর্মী অংশীদার (খ) নিষ্ক্রিয় অংশীদার (গ) নামমাত্র অংশীদার (ঘ) সীমিত অংশীদার

১১। বর্তমানে বিশ্বব্যাপী করোনা ভাইরাসের ঝুঁকি মোকাবেলায় একজন শিক্ষার্থী হিসেবে তোমার করণীয়-
i. সচেতনতা ও সতর্কতা অবলম্বন করা ii. ঘরে অবস্থান করা iii. নিজের পড়ালেখা অব্যাহত রাখা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২। সমবায় সমিতির মূখ্য উদ্দেশ্য কোনটি?
(ক) বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠা (খ) মুনাফা বৃদ্ধি করা
(গ) সদস্যদের আর্থিক কল্যাণ সাধন করা (ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১৩। সাধারণ অংশীদারি ব্যবসায়ে একজন অংশীদারের দায় কত?
(ক) মূলধন পর্যন্ত সীমাবদ্ধ (খ) প্রতিশ্রুত মূল্য পর্যন্ত সীমাবদ্ধ
(গ) ব্যবসায়ের তার পাওনা পর্যন্ত সীমাবদ্ধ (ঘ) ব্যক্তিগত সহায়-সম্পদ পর্যন্ত সীমাবদ্ধ

১৪। অংশীদারি ব্যবসায়ে অংশীদারদের হতে হবে-
i. সাবালক ii. সুস্থ মস্তিষ্কসম্পন্ন iii. শিক্ষিত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। নিচের কোনটি ব্যবসায়ের বাণিজ্য শাখার বৈশিষ্ট্য?
(ক) পণ্যের মূল্য নির্ধারণ করা (খ) পণ্য এজেন্টের কাছে সরবরাহ করা
(গ) পণ্য উৎপাদন করা (ঘ) পণ্যকে বিভিন্ন সাইজে ভাগ করা

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও

জাহেদ, শাহেদ ও ওহিদ তিন বন্ধু সমোঝতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করল। ওহিদ অবসর গ্রহনের পর তার ১৬ বছরের ছেলে তৌহিদকে ব্যবসায়ে সম্পৃক্ত করতে জাহেদ ও শাহেদ রাজি হয়।

১৬। তৌহিদ কোন ধরনের অংশীদার হবে?

(ক) সাধারণ (খ) সীমিত (গ) নামেমাত্র (ঘ) ঘুমন্ত

১৭। ব্যবসায়ে তৌহিদের দায় কেমন হওয়া উচিত?

(ক) শূন্য (খ) সবচেয়ে কম (গ) সকলের সমান (ঘ) মূলধন অনুপাতে

১৮। বাংলাদেশে সমবায় আন্দোলনে কোন এলাকার অবদান সবচেয়ে বেশি?

(ক) ঢাকা (খ) কুমিল্লা (গ) বরিশাল (ঘ) রংপুর

১৯। উৎপাদক সমবায় সমিতির মধ্যে –

i. জেলে সমবায় সমিতি ii. তাঁতী সমবায় সমিতি iii. বণিত সমবায় সমিতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০। নিচের কোন কাজটি সামাজিক ব্যবসায়ের আওতাভুক্ত?

(ক) ত্রাণ বিতরণ (খ) দারিদ্রতা দূরীকরণ (গ) মানব সম্পদ উন্নয়ন (ঘ) প্রশিক্ষণ কার্যক্রম

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও

কোন একটি এলাকার ২৫ জন ব্যক্তি একত্রিত হয়ে নিজেদের নিত্য প্রয়োজনীয় ও ভেজালমুক্ত পণ্য সংগ্রহ এবং পণ্যের উচ্চমূল্য রোধকল্পে একটি সংগঠন প্রতিষ্ঠা করল। বছরের শেষে সংগঠনটির অর্জিত মুনাফার ৮০% নিজেরা বন্টন করে নেয়ার চিন্তাভাবনা করছে।

২১। উদ্দীপকে উল্লেখিত সংগঠনটি কোন ধরনের সমবায় সংগঠন?

(ক) উৎপাদক সমবায় (খ) ক্রয় সমবায় (গ) বিক্রয় সমবায় (ঘ) ভোক্তা সমবায়

২২। সংগঠনটির অর্জিত মুনাফা সদস্যদের মাঝে বন্টন হবে-

(ক) ক্রয় অনুপাতে (খ) শেয়ার অনুপাতে (গ) সমানভাবে (ঘ) বিক্রয় অনুপাতে

২৩। নিচের কোনটি প্রত্যক্ষ সেবার বৈশিষ্ট্য?

(ক) বিনিময় মূল্য নেই (খ) উৎপাদন কর্ম (গ) মালিকানা স্থানান্তরযোগ্য নয় (ঘ) নিয়মিত বিক্রয়

২৪। চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায় পরিচালনা করার যুক্তিযুক্ত নিয়ম হলো-

(ক) সকলের মতামত অনুযায়ী (খ) ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী

(গ) ১৮৭০ সালের আইন অনুযায়ী (ঘ) যে কোন অংশীদারের ইচ্ছানুযায়ী

২৫। বাংলাদেশে সমবায়ের সমস্যা দূরীকরণে করণীয় হল-

i. প্রশিক্ষণ কর্মসূচি জোরদার ii. দূর্নীতি ও স্বজনপ্রীতি রোধ iii. সরকারি সহযোগিতা বৃদ্ধি

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও

জনাব জিতু হাসান শহরের ব্যস্ত ও চাকুরীজীবি মহিলাদের জন নিত্য প্রয়োজনীয় পণ্য নতুন ও ভিন্ন আঙ্গিকে বাজারে নিয়ে এসেছেন যেখানে সময়ের অনেক সাশ্রয় হবে। কিন্তু পণ্যগুলো বাজারে তেমন বিক্রয় হচ্ছে না।

২৬। উদ্দীপকে বাণিজ্যের কোন কাজের ঘাটতি রয়েছে?

(ক) বাজারজাতকরণ প্রসার (খ) বাজার গবেষণা (গ) মূল্যহ্রাস (ঘ) আকর্ষণীয় মোড়কিকরণ

২৭। জনাব জিতু হাসানের সমস্যা দীর্ঘমেয়াদে সমাধানের উপায় হলো–

i. ভোক্তা সম্পর্কে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ ii. ভোক্তাদের সুবিধাজনক সেবা প্রদান iii. ব্যাপক প্রচার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮। চুক্তিপত্রের অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের মুনাফা কীভাবে বন্টিত হয়?

(ক) পারস্পরিক সম্মতিতে (খ) মূলধন অনুপাতে (গ) সমান হারে (ঘ) আদালতের সিদ্ধান্তে

২৯। কল্যাণপুর গ্রামের কৃষকগণ ন্যায্যমূল্যে পণ্য প্রাপ্তির আশায় সমবায়ের ভিত্তিতে একটি সংগঠন প্রতিষ্ঠা করে এবং বছর শেষে ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে। সদস্যরা অর্জিত মুনাফার কত টাকা সঞ্চয় তহবিলে জমা রাখবে?

(ক) ১০,০০০ টাকা (খ) ১৫,০০০ টাকা (গ) ২৫,০০০ টাকা (ঘ) ৩০,০০০ টাকা

৩০। বর্তমান যুগের ব্যবসায় হলো-

(ক) উৎপাদনকেন্দ্রিক (খ) ভোক্তাকেন্দ্রিক (গ) বিক্রেতাকেন্দ্রিক (ঘ) সরবরাহকেন্দ্রিক

## সৃজনশীল অংশ (সময়: ৪৫ মিনিট এবং পূর্ণমান ২০)

১। এমবিবিএস শেষ করার পর জনাব নাহিদ চাকুরির খোঁজাখোজি না করে নিজের এলাকায় একটি প্রাইভেট চেম্বার খোলে বসেন। তার চেম্বারটি নতুন হওয়ায় রোগীর সংখ্যা খুবই কম। অল্পদিনেই সীমিত আকারে আগত রোগীদের উপযুক্ত চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে বেশ দক্ষতার পরিচয় দিলেও স্থানীয় অনেকেই তা অবগত নন। ফলে তিনি তার প্রতিষ্ঠানটির ভবিষ্যত নিয়ে বেশ শঙ্কিত।

(ক) অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন কী? ১
(খ) অংশীদারি ব্যবসায়ে অংশীদারদের দায় কেমন? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে উল্লেখিত নাহিদ এর কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব নাহিদের প্রতিষ্ঠানটির ভবিষ্যত শঙ্কা দূরীকরণে তোমার সুপারিশ তুলে ধর। ৪

২। বসন্তপুর গ্রামের কুটির শিল্পের ব্যবসায়ীগণ মিলে একটি সমিতি গঠন করে। তাদের মূল উদ্দেশ্য ছিল যে সমস্ত মধ্যস্থব্যবসায়ীদের কারণে তারা ব্যবসায়ের ন্যায্য মুনাফা থেকে বঞ্চিত হচ্ছে তাদের উচ্ছেদ করা। তাদের দেখাদেখি আশেপাশের অনেক গ্রামেই এ ধরনের সমিতি গড়ে উঠেছে। এখন তারা ভাবছে একই ইউনিয়নের এ সমিতিগুলো একত্রে সংগঠিত হলে তাদের উদ্দেশ্য সফল হওয়ার সম্ভাবনা আরো বহুগুনে বেড়ে যাবে।

(ক) ঘুমন্ত অংশীদার কে? ১
(খ) অংশীদারি ব্যবসায়ে চুক্তি লিখিত হওয়া উত্তম কেন? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে বসন্তপুর গ্রামে কোন ধরনের সমবায় সমিতি গঠিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে সমিতিগুলোর উদ্দেশ্যের সফলতার পিছনে যে নতুন ভাবনা তার যৌক্তিকতা তুলে ধর। ৪